কালের কণ্ঠ

তারিখ 22 AUG 2017
পৃষ্ঠা ১৮ কলাম ২

# গাজীপুরে সিটি মেডিক্যালে শিক্ষার্থীদের ক্লাস বর্জন

নিজস্ব প্রতিবেদক, গাজীপুর ▷

বাংলাদেশ মেডিক্যাল অ্যান্ড ডেন্টাল কাউন্সিলের (বিএমডিসি) অনুমোদন, শিক্ষক নিয়োগসহ বিভিন্ন দাবিতে গতকাল সোমবার দ্বিতীয় দিনের মতো ক্লাস বর্জন ও অবস্থান কর্মসূচি পালন করেছে গাজীপুরের ইটাহাটা এলাকার সিটি মেডিক্যাল কলেজ হাসপাতালের শিক্ষার্থীরা। তাঁরা কলেজের প্রধান ফটকে তালা দিয়ে এ কর্মসূচি পালন করে। শিক্ষার্থীরা জানায়, সিটি মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠার পর প্রথম দুই বছরের অনুমোদন থাকলেও পরে তিনটি ব্যাচের (তৃতীয়, চতুর্থ ও পঞ্চম) শিক্ষার্থীদের বিডিএমসির রেজিস্ট্রেশন নেই। এতে তাদের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। কলেজে নেপাল ও ভারতের অন্তত ২৭ জনসহ তিন শতাধিক শিক্ষার্থী রয়েছে। ওই তিন ব্যাচের অনুমোদন ও রেজিস্ট্রেশনের শর্তপূরণের জন্য কলেজের অধ্যক্ষ, চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালকদের বিভিন্ন সময় তাগিদ দিলেও সাড়া পাওয়া যায়নি। তাই বাধ্য হয়ে শিক্ষার্থীরা তিন দিন ধরে কর্মসূচি পালন করে আসছে। কলেজ প্রশাসন বিভাগের কর্মকর্তা অশোক কুমার রায় জানান, সমস্যা সমাধানের চেষ্টা চলছে। তবে কিছুদিন সময় লাগবে। জয়দেবপুর থানার ওসি আমিনুল ইসলাম জানান, শিক্ষার্থীরা অবস্থান কর্মসূচি ও ক্লাস বর্জন করলেও কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি। ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন রয়েছে।

**শত্রুতার জেরে খুন করেন সাইফুল**

গাজীপুর মহানগরের জাঝর এলাকার চাঞ্চল্যকর হামিদা বেগম হত্যাকাণ্ডের রহস্য উন্মোচনের দাবি করেছে র‍্যাব-১। র‍্যাব জানায়, গত রবিবার রাতে গাজীপুরের কালিয়াকৈর থেকে এ ঘটনায় সন্দেহভাজন শফিকুল ইসলামকে গ্রেপ্তার করা হয়। শফিকুল স্বীকার করেন, তিনি পূর্বশত্রুতার জেরে বৃদ্ধা হামিদাকে চাকু দিয়ে হত্যা করে পালিয়ে গিয়েছিলেন। গ্রেপ্তার শফিকুল ইসলাম (৩৫) গাজীপুরের টঙ্গীর বাদাম মধ্যপাড়ার মো. আইয়ুব আলীর ছেলে। র‍্যাব জানায়, গত ২৪ জানুয়ারি ভোরে ফজরের নামাজ পড়ার জন্য অজু করতে ঘরের বাইরে বের হলে জাঝরের নিজ বাড়িতে খুন হন হামিদা বেগম (৬৫)।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
স্বাক্ষর